

**মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পারিশ্রমিক ও বিশেষ  
অধিকার) আইন, ১৯৯৮**

১৯৯৮ সনের ৪ নং আইন

[৫ এপ্রিল, ১৯৯৮]

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের পারিশ্রমিক ও বিশেষ অধিকারের জন্য  
বিধান প্রণয়নকল্পে প্রণীত আইন।

যেহেতু মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের পারিশ্রমিক ও বিশেষ  
অধিকারের জন্য বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্বারা নিম্নরূপ আইন করা হইল:-

**সংক্ষিপ্ত শিরোনামা**      ১। (১) এই আইন মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (পারিশ্রমিক ও বিশেষ  
অধিকার) আইন, ১৯৯৮ নামে অভিহিত হইবে।

(২) ইহা ১৭ই আষাঢ়, ১৪০৪ মোতাবেক ১লা জুলাই, ১৯৯৭ তারিখে  
বলবৎ হইয়াছে বলিয়া গণ্য হইবে।

**সংজ্ঞা**      ২। বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই আইনে, “মহা  
হিসাব নিরীক্ষক” অর্থ সংবিধানের ১২৭ অনুচ্ছেদের অধীন নিযুক্ত বাংলাদেশের  
মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক।

**বেতন**      ৩। (১) মহা হিসাব নিরীক্ষক প্রতি মাসে সরকারের একজন সচিব যে  
বেতন পান তদপেক্ষা শতকরা পাঁচ ভাগ অধিক বেতন প্রাপ্য হইবেন।

(২) উপ-ধারা (১) এর অধীন মহা হিসাব নিরীক্ষকের প্রাপ্য বেতনের উপর  
আয়কর প্রদান করিতে হইবে না।

**বাসস্থান, ইত্যাদি  
সংক্রান্ত বিশেষ  
সুবিধা**      ৪। মহা হিসাব নিরীক্ষক নিম্নবর্ণিত বিশেষ সুবিধাদি প্রাপ্য হইবেন, যথা:-

(ক) বিনা ভাড়ায়, পৌরকর ও স্থানীয় খাজনামুক্ত এবং বিনামূল্যে বিদ্যুৎ,  
গ্যাস ও পানি ব্যবহারের সুবিধা সম্পর্কিত সজ্জিত বাসভবন, এবং  
এইরূপ বাসভবনের ব্যবহৃত না করা পর্যন্ত, সরকারের একজন সচিবের  
প্রাপ্য বাড়ীভাড়া ভাতার সমপরিমাণ ভাতাতা;

(খ) সরকারের একজন সচিব যে শর্তে সরকারী গাড়ী প্রাপ্য হন সেই শর্তে  
একটি সরকারী গাড়ী;

(গ) সরকারী ব্যয়ে বাসভবনে একটি টেলিফোন।

৫। সরকারের একজন সচিব আপ্যায়ন ভাতা, গৃহভূত্য ভাতা ও ভ্রমণ  
ভাতাসহ অন্যান্য ভাতা, যদি থাকে, এবং চিকিৎসা সুবিধা যে হারে বা, ক্ষেত্রমত,  
শর্তে প্রাপ্য হন মহা হিসাব নিরীক্ষক সেই সকল ভাতা ও সুবিধা সেই হারে বা,  
ক্ষেত্রমত, শর্তে প্রাপ্য হইবেন।

ভাতা ও অন্যান্য  
সুবিধাদি

৬। (১) মহা হিসাব নিরীক্ষক তাঁহার নিয়োগের তারিখে যদি প্রজাতন্ত্রের  
কর্মে নিয়োজিত ব্যক্তি হন, তাহা হইলে তিনি সেই তারিখে যেই পদে ছিলেন  
সেই পদের প্রতি প্রযোজ্য বিধিমালার অধীন যেরূপ ছুটি, অবসর ভাতা,  
আনুতোষিক ও ভবিষ্য তহবিল সুবিধাদি পাইতেন সেইরূপ ছুটি, অবসর ভাতা,  
আনুতোষিক ও ভবিষ্য তহবিল সুবিধাদি প্রাপ্য হইবেন, এবং এতদুদ্দেশ্যে মহা  
হিসাব নিরীক্ষক হিসাবে তাঁহার চাকুরী নিরবচ্ছিন্ন বলিয়া গণ্য হইবে।

ছুটি, অবসর ভাতা,  
আনুতোষিক ও  
ভবিষ্য তহবিল

(২) অন্য কোন ব্যক্তি মহা হিসাব নিরীক্ষক নিযুক্ত হইলে তিনি সরকারের  
একজন সচিবের প্রতি প্রযোজ্য বিধিমালার অধীন প্রাপ্য ছুটি, অবসর ভাতা,  
আনুতোষিক ও ভবিষ্য তহবিল সুবিধাদি প্রাপ্য হইবেন।

বিশেষ বিধান

৭। এই আইন এবং উহার ধারা ৮ এর অধীন রাহিতকৃত The  
Comptroller and Auditor General (Remuneration and  
Privileges) Ordinance, 1976 (LXXXIII of 1976) এ যাহা কিছুই  
থাকুক না কেন, মহা হিসাব নিরীক্ষক ১লা জানুয়ারি, ১৯৯৫ হইতে এই আইন  
কার্যকর হওয়ার তারিখ পর্যন্ত মাসিক ১১,২৭৫.০০ টাকা হারে প্রাপ্য হইবেন।

রাহিতকরণ

৮। The Comptroller and Auditor General (Remuneration  
and Privileges) Ordinance, 1976 (LXXXIII of 1976) এতদ্বারা  
রাহিত করা হইল।

—————